

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/COVID-19/হাসপাতাল রুপান্তর/করোনা ফাইল নং-১২০২০/৭৭০

তারিখ- ২৩/০৬/২০২০


বিষয়ঃ- ঢাকা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও তাদের পরিবারের সদস্যদের জন্য হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল আনোয়ার খান মর্ডান হাসপাতাল, উওরাস্থ ইন্ট-ওয়েস্ট হাসপাতাল, শমরিতা হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ ও বারডেম জেনারেল হাসপাতাল-এ করোনা চিকিৎসার সুযোগ দানের প্রার্থনা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে এবং ঢাকা আইনজীবী সমিতির আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও তাদের পরিবারের সদস্যদের জন্য হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল সহ বর্নিত অন্যান্য হাসপাতালে করোনা চিকিৎসার সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০১ (এক) পাতা।

বিতরণঃ-

- ০১। পরিচালক, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, মগবাজার, ঢাকা।
- ০২। পরিচালক, আনোয়ার খান মর্ডান হাসপাতাল ধানমন্ডি, ঢাকা।
- ০৩। পরিচালক, উওরাস্থ ইন্ট-ওয়েস্ট হাসপাতাল উওরা, ঢাকা।
- ০৪। পরিচালক, শমরিতা হাসপাতাল পান্ছপথ, ঢাকা।
- ০৫। পরিচালক, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ।
- ০৬। পরিচালক, বারডেম জেনারেল হাসপাতাল শাহবাগ, ঢাকা।


(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা -১২১২

Email: directorhospital@ld.dghs.gov.bd

ফোন নং-৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরিত হল।

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃ আঃ- উপ-পরিচালক (সমন্বয়)।

২। মোঃ হোসেন আলী খান (হাসান) সাধারণ সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা। (উল্লেখ্য যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল ব্যাতিত অন্যান্য হাসপাতাল গুলোতে ইউজার ফি প্রদানের প্রয়োজন হবে)।

৩। অফিস কপি।

Dattg

Mr. Plauden

Dhaka Bar Association

6-7, Court House Street, Kotwali, Dhaka-1100.

Phone : 9534178, 9534171

E-mail : dhakabarassociation@gmail.com, www.dhakabarassociation.com



নয়ি ২০২০
২৫/০৬/২০
(৩০০৭)

বরাবর
মহা পরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাখালী ঢাকা।

DD-2
802

Diary No. 2215 Date: 21/06/2020
ADG
Director: Hospital
Line Director
Programme Manager
PA to DGHS

বিষয়ঃ ঢাকা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও তাদের পরিবারের সদস্যদের জন্য হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, আনোয়ার খান মর্ডান হাসপাতাল, উত্তরাস্থ ইস্ট-ওয়েস্ট হাসপাতাল, শমরিতা হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ ও বারডেম জেনারেল হাসপাতাল-এ করোনা চিকিৎসার সুযোগ দানের প্রার্থনা।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক নিবেদন এই যে, ঢাকা আইনজীবী সমিতি এশিয়ার সর্ব বৃহত্তম বার, যার বর্তমান সদস্য সংখ্যা ২৫,০০০ হাজার এর উর্ধ্বে। বর্তমানে করোনা ভাইরাস এর উদ্ভূত পরিস্থিতির কারণে আমাদের সমিতির বিজ্ঞ সদস্যদের অনেকেই এবং তাদের পরিবারের সদস্যগণ করোনা ভাইরাসে আক্রান্ত হচ্ছেন এবং ইতিমধ্যে সমিতির বেশ কয়েকজন সদস্য চিকিৎসা নিতে না পেরে মৃত্যুবরণ করেছেন। এমন পরিস্থিতিতে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, আনোয়ার খান মর্ডান হাসপাতাল, উত্তরাস্থ ইস্ট-ওয়েস্ট হাসপাতাল, শমরিতা হাসপাতাল ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ ও বারডেম জেনারেল হাসপাতাল সমূহে ঢাকা আইনজীবী সমিতির বিজ্ঞ আইনজীবী ও তাদের পরিবারের সদস্যরা যাতে চিকিৎসার সুযোগ পায় সে মর্মে আপনার সদয় নির্দেশনা কামনা করছি।

উল্লেখ্য বাংলাদেশ সূপ্রীম কোর্ট আইনজীবী সমিতিকে বিগত ১৮/০৬/২০২০ইং তারিখে উপরোক্ত ০৩টি (হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, আনোয়ার খান মর্ডান হাসপাতাল, উত্তরাস্থ ইস্ট-ওয়েস্ট হাসপাতাল) হাসপাতালে বিজ্ঞ আইনজীবীদের চিকিৎসার জন্য অনুমতি প্রদান করেছেন।

এমতাবস্থায় উপরোক্ত বিষয় বিবেচনা করে ঢাকা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও তাদের পরিবারের সদস্যদের জন্য হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, আনোয়ার খান মর্ডান হাসপাতাল, উত্তরাস্থ ইস্ট-ওয়েস্ট হাসপাতাল, শমরিতা হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ ও বারডেম জেনারেল হাসপাতাল -এ করোনা চিকিৎসার সুযোগ দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে বাধিত করবেন।

নিবেদক

21/6/2020

মোঃ হোসেন আলী খান (হাসান)

সাধারণ সম্পাদক

ঢাকা আইনজীবী সমিতি।

MD. HOSSAIN ALI KHAN (HASAN)

General Secretary

Dhaka Bar Association

অনুলিপিঃ

- ১) মাননীয় সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২) অফিস কপি।

১-২৬০৩
২২/৬/২০২০

DD(H-2)
802